গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পাটগ্রাম,লালমনিরহাট।

স্মারক নং ০৫.৪৭.৫২৭০.০০০.০০০.১১.০০০৭.২৬.৯৪৮ তারিখঃ ২১/০৭/২০২৬ খ্রি.

**ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োজিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তিঃ**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬"এর আলোকে দেশব্যাপী আগামী "১লা আগস্ট ২০২৬-১৪ সেপ্টেম্বর ২০২৬"পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারী কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে পাটগ্রাম উপজেলায় তথ্য সংগ্রহের জন্য তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োগ করা হবে। আগ্রহীদের নিকট হতে আবেদন আহবান করা হচ্ছে।

| ক্র.নং | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকার যোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ০১ | তথ্য সংগ্রহকারী | ক) ন্যূনতম এইচ.এস. সি বা সমমান পাস<br>খ) বয়স: ১৮-৪০ বছর<br>গ) ট্যাবলেট/স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+নম্বর<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকা সম্পর্কে ভালোজ্ঞান<br>ঙ) বাংলায় সাবলীলভাবে পড়তে,লিখতে ও কথা বলতে সক্ষম<br>চ) শারীরিকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত | ক) নারী প্রার্থী ৫০%<br>খ) স্নাতক বা তদূর্ধ্ব ডিগ্রীধারী<br>গ) পূর্বে BBS জরিপে কাজের অভিজ্ঞতা | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারী/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |
| ক্র.নং | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | দৈনন্দিন বাধ্যতামূলক দায়িত্ব: | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
| ০২ | সুপারভাইজার<br>(প্রতি ০৯জন তথ্য সংগ্রহকারীর বিপরীতে ০১জন) | ক) ন্যূনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান পাস<br>খ) বয়স: ২৫-৪৫ বছর<br>গ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায়-৮০%+<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগালিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>ঙ) দলনেতৃত্ব,মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা | ক) প্রতিটি গণনা এরিয়া শারীরিকভাবে প্রতিদিন পরিদর্শন<br>খ) প্রতি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-Check)<br>গ) সন্ধ্যার মধ্যে ওয়েবঅ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>ঘ) ট্যাবলেট চার্জ, ডেটা সিংক ও অ্যাপ আপডেট নিশ্চিত | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারী/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) পরীক্ষায় ৮০%-এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |

**আবেদন ফরম প্রাপ্তির স্থান:** ক) উপজেলা সমাজসেবা কার্যালয়, পাটগ্রাম,লালমনিরহাট হতে সরাসরি অথবা উপজেলা সমাজসেবা কার্যালয়, পাটগ্রাম,লালমনিরহাট এর ওয়েব সাইটের নিম্নোক্ত যাবে লিংকে পাওয়া যাবে https://usso.patgram@dss.gov.bd/user

**আবেদন ফরম দাখিলের স্থান:** ক) উপজেলা সমাজসেবা কার্যালয়, পাটগ্রাম,লালমনিরহাট।

**আবেদন ফরম বিতরণ, দাখিল ও ব্যবহারিক পরীক্ষার সম্ভব্য সময়সূচিঃ**

| আবেদন ফরম বিতরণের তারিখ ও সময় | আবেদন ফরম দাখিলের তারিখ ও সময় | ব্যবহারিক পরীক্ষার সম্ভাব্য সময় |
|---|---|---|
| ২২/০৭/২০২৬ হতে ২৪/০৭/২০২৬ তারিখ সকাল ৯.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত | ২২/০৭/২০২৬ হতে ২৪/০৭/২০২৬ তারিখ সকাল ৯.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত | ২৫/০৭/২০২৬ তারিখ সকাল ১০.০০ঘটিকা |

**শর্তাবলীঃ**

১) তথ্য সংগ্রহকারীগণ শুমারী চলাকালীন বাড়িবাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।
২) ফ্যামিলি কার্ড শুমারী চলাকালীন প্রতিদিন ন্যূনতম ০৮ ঘন্টা তথ্য সংগ্রহ করতে হবে।
৩) তথ্য প্রযুক্তি ব্যবহারে দক্ষ হতে হবে।
৪) তথ্য সংগ্রহের কাজে কোন গাফিলতি করা যাবে না।

৫) কোনক্রমেই ভুল তথ্য এন্ট্রি দেওয়া যাবে না।
৬) সংগৃহীত তথ্যের গোপনীয়তা সম্পূর্ণরূপে রক্ষা বাধ্যতামূলক।
৭) ট্যাবলেট সযত্নে রক্ষণ করতে হবে। অবহেলায় ক্ষতি হলে ক্ষতি পূরণ প্রযোজ্য।
৮) কোন পরিবারকে ফ্যামিলি কার্ড পাওয়ার প্রতিশ্রুতি দেওয়া বা ভয় দেখানো সম্পূর্ণ নিষিদ্ধ।
৯) ইচ্ছাকৃত জালিয়াতির ক্ষেত্রে সম্মানী বাতিল ও আইনি ব্যবস্থা নেওয়া হবে।

২১/৭/২৬

(মো. তানভীর হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী নির্বাচন কমিটি
পাটগ্রাম,লালমনিরহাট
মোবাইল: +৮৮০১৭৩৩৩০০২১৫
Email: unopatgram@mopa.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.৫২৭০.০০০.১৬.০০০১.২৬-১০৬

তারিখ: ০৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২১ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।
১। মাননীয় সংসদ সদস্য, ১৬ লালমনিরহাট-১ ।
২। জেলা প্রশাসক, লালমনিরহাট ।
৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, লালমনিরহাট ।
৪। প্রশাসক, উপজেলা পরিষদ, পাটগ্রাম, লালমনিরহাট ।
৫। প্রশাসক, পাটগ্রাম পৌরসভা, পাটগ্রাম, লালমনিরহাট ।
৬। সহকারী কমিশনার (ভূমি), পাটগ্রাম, লালমনিরহাট ।
৭। অফিসার ইনচার্জ, পাটগ্রাম, লালমনিরহাট ।
৮। সদস্য........................................,ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, পাটগ্রাম, লালমনিরহাট ।
৯। সদস্য........................................,ফ্যামিলিকার্ড শুমারী বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটি, পাটগ্রাম, লালমনিরহাট ।
১০। উপজেলা........................................কর্মকর্তা, পাটগ্রাম, লালমনিরহাট ।
১১। চেয়ারম্যান,........................................................ইউপি (সকল) পাটগ্রাম, লালমনিরহাট ।
১২।জনাব..........................................................।
১৩। অফিস নথি।

২১.০৭.২৬

(মোঃ মনসুর আহমেদ)
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
ফ্যামিলিকার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
পাটগ্রাম, লালমনিরহাট ।
মোবাইল: +৮৮০১৭০৮৪১৫১২৮